

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
চিকিৎসা শিক্ষা-২ শাখা  
www.mohfw.gov.bd

নথি নং-স্বাপকম/চিশি-২/বিবিধ-২/২০১০/(অংশ-১)/

তারিখ : ১৮-১১-২০১৫ খ্রিঃ

বিষয় : ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে বিইউএমএস, বিএএমএস এবং বিএইচএমএস ভর্তি পরীক্ষা সংক্রান্ত।

সূত্র : স্বাঃ অধিঃ/চিঃশিঃ/বিএসসি-ভর্তি/২০১৫-২০১৬/১৬৪৬, তারিখ : ০২-১১-২০১৫ খ্রিঃ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের বরাতে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে বিইউএমএস (ব্যাচেলর অব ইউনানী মেডিসিন এন্ড সার্জারী), বিএএমএস (ব্যাচেলর অব আয়ুর্বেদিক মেডিসিন এন্ড সার্জারী) এবং বিএইচএমএস (ব্যাচেলর অব হোমিওপ্যাথিক মেডিসিন এন্ড সার্জারী) কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিষয়ে গত ২৯-১০-২০১৫ খ্রিঃ তারিখে পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ নির্দেশক্রমে নিম্নরূপভাবে অনুমোদন প্রদান করা হলো :

- (১) কেন্দ্রীয়ভাবে গঠিত পরীক্ষা কমিটির মাধ্যমে একত্রে এবং অভিন্ন প্রশ্নপত্রের মাধ্যমে বিইউএমএস (ব্যাচেলর অব আয়ুর্বেদিক মেডিসিন এন্ড সার্জারী), বিএএমএস (ব্যাচেলর অব আয়ুর্বেদিক মেডিসিন এন্ড সার্জারী) এবং বিএইচএমএস (ব্যাচেলর অব হোমিওপ্যাথিক মেডিসিন এন্ড সার্জারী) কোর্সে ছাত্র-ছাত্রীর ভর্তি পরীক্ষা এবং ফলাফল প্রকাশ করা হবে।
- (২) উচ্চ মাধ্যমিক কোর্স কারিকুলাম অনুযায়ী ১০০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। OMR মেশিনে উত্তরা পত্র মূল্যায়ন করা হবে। এমএসসি ও এইচএসসি পাশকৃত ছাত্র-ছাত্রীদের লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সহিত এসএসসি এর মোট প্রাপ্ত নম্বরের ৪% এবং এইচএসসি এর মোট প্রাপ্ত নম্বরের ৬% যোগ করে প্রার্থী নির্বাচন করা হবে।
- (৩) আবেদনের যোগ্যতা ও নির্বাচন পদ্ধতিঃ-
  - (ক) বাংলাদেশের নাগরিক শিক্ষার্থী, যারা ২০১২ বা ২০১৩ সনে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এবং ২০১৪ বা ২০১৫ সনে এইচএসসি বা সমমানের (পদার্থ, রসায়ন ও জীববিদ্যাসহ) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তারা ভর্তির আবেদন করার যোগ্য হবেন। ইংরেজী ২০১২ সনের পূর্বে এসএসসি/সমমান পরীক্ষায় ছাত্র-ছাত্রীরা আবেদনের যোগ্য বিবেচিত হবেন না।
  - (খ) সকল দেশী-বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি ও এইচএসসি বা সমমান দুটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৮.০০ হতে হবে তবে, এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.৫ এর কম হলে আবেদন যোগ্য হবে না।
  - (গ) সকল উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৭.০০ হতে হবে। তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.০০ এর কম হলে আবেদন যোগ্য হবে না।
  - (ঘ) সকলের জন্যে এইচএসসি/সমমানের পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপি ৩.৫০ থাকতে হবে।
- (৪) আবেদন ফি ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা (প্রি-পেইড টেলিটকের মাধ্যমে)।

বিভাজনঃ-

১.	সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা	৫০/- (পঞ্চাশ) টাকা
২.	ভর্তি পরীক্ষা অনুষ্ঠানে প্রয়োজনীয় খরচ নির্বাহের জন্য সংশ্লিষ্ট কলেজের প্রাপ্য	২৩০/- (দুইশত ত্রিশ) টাকা
৩.	টেলিটকের খরচ নির্বাহের জন্য	৭৫/- (পঁচাত্তর) টাকা; ১০%
৪.	সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা অনুষদের প্রাপ্য	৪৫/- (পঁয়তাল্লিশ) টাকা
৫.	পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা কর্তৃক কেন্দ্রীয়ভাবে ভর্তি পরীক্ষার আয়োজন ও পরিচালনার প্রয়োজনীয় খরচাদি মেটানোর জন্য-	৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা
৬.	সর্বমোট =	৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা।

(৫) অনলাইনে আবেদন জমা দেয়ার শুরুর তারিখঃ- ১২-১১-২০১৫ খ্রিঃ

৫.১ অনলাইনে আবেদনের শেষ তারিখঃ- ২৫-১১-২০১৫ খ্রিঃ

৫.২ প্রবেশপত্র ডাউনলোডঃ ছবি ও স্বাক্ষর আপলোড করার পর

(৬) ভর্তি পরীক্ষার তারিখঃ ০৪-১২-২০১৫ খ্রিঃ শূক্রবার (সকাল ১০.০০ টা হতে ১১.০০ ঘটিকা পর্যন্ত) পরীক্ষা কেন্দ্র-

(ক) সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ এবং (খ) সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ।

(মাহফুজা আকতার)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৪০৬৯০

ই-মেইল : sasme2@mohfw.gov.bd

মহাপরিচালক


স্বাস্থ্য অধিদপ্তর

মহাখালী, ঢাকা-১২১২।

(দৃঃআঃ পরিচালক (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।)

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :**

- ১। পরিচালক, হোমিও ও দেশজ চিকিৎসা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
- ৩। ডীন, ফ্যাকাল্টি অব ফার্মেসী, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৪। রেজিস্ট্রার, বিএমএডডিসি, ২০৩ সৈয়দ নজরুল ইসলাম স্মরণী, ঢাকা-১০০০।
- ৫। রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক বোর্ড, ৭৫/বি, ইন্দিরা রোড, তেজগাঁও, ঢাকা।
- ৬। অধ্যক্ষ, সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ, মিরপুর-১৩, ঢাকা।
- ৭। অধ্যক্ষ, সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ, মিরপুর-১৪, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।



(মাহফুজা আকতার)  
সিনিয়র সহকারী সচিব

**অনুলিপি সদয় অবগতির জন্য :**

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিশি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।